



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (দক্ষিণ)

শেখের কাগজ
২৮/০২/২০১৬

আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা) ১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০।
[Fax-8315459, Web: www.cevdsc.gov.bd, Email-cevdhksouth@yahoo.com]

তারিখ: ২৭/০১/১৬খ্রি:

পত্র নং ২(২৩)-জনপ্রশা:/সদর/০২/২০১৫/৮০

তৃতীয় ও চতুর্থ শ্রেণীর জনবল নিয়োগ বিজ্ঞপ্তির “সংশোধনী”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (দক্ষিণ), ঢাকা কর্তৃক তৃতীয় ও চতুর্থ শ্রেণীর শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে গত ১১/০৬/২০১৫ এবং ১৭/০৬/২০১৫ তারিখে যথাক্রমে দৈনিক যুগান্তর ও দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিতে মুক্তিযোদ্ধা পুত্র/কন্যা ও মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে প্রার্থীগণ সমগ্র বাংলাদেশ হতে আবেদনপত্র দাখিল করতে পারবেন মর্মে উল্লেখ করায় বাংলাদেশের বিভিন্ন জেলা হতে প্রার্থীগণ আবেদন দাখিল করেন। সাবেক সংস্থাপন মন্ত্রণালয় ও বর্তমানে জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-Wst/R1/R-73/72-109(500), তারিখঃ ০৫/০৯/১৯৭২ এর আদেশ অনুযায়ী মুক্তিযোদ্ধা কোটায় শুধুমাত্র সংশ্লিষ্ট দপ্তরের অধিক্ষেত্রে অবস্থিত জেলাসমূহ হতে দাখিলকৃত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে মর্মে নির্দেশনা রয়েছে।

যেহেতু জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-১(১২)-শ: ভ: প্র:-২/২০০৮(অংশ)/৩৭৪(১৭), তারিখ: ২৩/১০/২০১১ এর মাধ্যমে এ দপ্তরের অধিক্ষেত্র (ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ জেলা) নির্ধারণ করা হয়েছে সেহেতু প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তিতে অনবধানতাবশত মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগের ক্ষেত্রে অনুসৃত বিধি-বিধান প্রতিপালিত না হওয়ায় গত ০৫/০১/২০১৬ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় নির্বাচন কমিটির সভায় সর্বসম্মতিক্রমে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) ঢাকা এর অধিক্ষেত্রের বাহির হতে মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা, মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা কর্তৃক দাখিলকৃত আবেদনের বিপরীতে তাদের অনুকূলে প্রবেশপত্র ইস্যু এবং পরীক্ষা গ্রহণ না করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য যে, নিয়োগ-বিজ্ঞপ্তির অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।

[মোঃ শওকাত হোসেন]

অতিরিক্ত কমিশনার ও সদস্য সচিব,
বিভাগীয় নির্বাচন কমিটি
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,
ঢাকা (দক্ষিণ), ঢাকা।
ফোন: ৯৩৩৭২৪৫

ডিজি-১০৫/১৬ (৬'X৪)